

শিক্ষা খাতে বাজেটের ১৫ শতাংশ বরাদ্দ দাবি

যায়যায়দিন রিপোর্ট

শিক্ষা খাতে জাতীয় বাজেটের ১৫ শতাংশ বরাদ্দ ও জাতীয় বিশ্ববিদ্যালয়ের সঙ্কট নিরসনের জন্য বাজেটে বিশেষ বরাদ্দসহ ৮ দফা দাবিতে শিক্ষাকারক কক্ষে স্মারকসিপি দিয়েছে সমাজতান্ত্রিক ছাত্রলীগ।

বৃথবার সকালে এসব দাবিতে জাতীয় প্রেসক্লাবের সামনে সন্যবেশের আয়োজন করা হয়। সন্যবেশ পের্বে শিক্ষাকারক কক্ষে স্মারকসিপি দিতে যান সংগঠনের নেতারা। রাজধানী ও আশপাশের জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত বিভিন্ন কলেজের ছাত্ররা সন্যবেশে অংশ নেন। সন্যবেশে স্বংহতি প্রকাশ করে বিশিষ্ট কলামিস্ট সৈয়দ আবুল মকসুদ বলেন, জাতীয় বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের শিক্ষাজীবন শেষ করতে ৭-৮ বছর লেগে যায়। শিক্ষার্থীদের জীবন নিয়ে খেলার অধিকার সরকারকে জাতি দেয়নি। তিনি বলেন, পক্ষা সেতু, বিদ্যুৎ সমস্যার সমাধানের আগে শিক্ষার্থীদের এসব সমস্যার সমাধান করা প্রয়োজন।

অধিলে শিক্ষার্থীদের মানসিক এসব দাবিগুলো পূরণ করতে হবে সরকারকে। দাবিগুলোর মধ্যে রয়েছে- স্বতন্ত্র পরীক্ষার হল ও ক্রাসক্রম নির্মাণ এবং পর্যাপ্ত শিক্ষক নিয়োগ, সারা বছর ক্রাস চালু রাখা, তিন মাসের মধ্যে পরীক্ষার ফল প্রকাশ, লাইব্রেরি ও বেনিদিনে নতুন সংস্করণের পর্যাপ্ত বই রাখা।

প্রত্যেক শিক্ষাপ্রতিষ্ঠানে ল্যাবরেটরি, গবেষণাগার, মিলনায়তন, হেলথ সেন্টার ও ব্যায়ামাগার স্থাপন করা, আবাসন সঙ্কট নিরসনে নতুন হল নির্মাণ এবং মেধার ভিত্তিতে সিট বণ্টন করা, হলের ডাইনিংয়ে সুরকারি ভুক্তি বাড়ানো এবং যাতায়তের জন্য পর্যাপ্ত পরিবহন ব্যবস্থা রাখা ইত্যাদি।